

৩১। হিসাব রক্ষণ।— প্রত্যেক নিবন্ধিত ব্যক্তিকে, কোন নির্দিষ্ট করমেয়াদে, তাহার করদায়িতা নিরূপণের সুবিধার্থ তৎকর্তৃক বা তাহার পক্ষে তাহার কোন এজেন্ট কর্তৃক ক্রীত বা সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবা সম্পর্কিত নিম্নলিখিত ^১[পুস্তক] ও নথিপত্র] বিধি দ্বারা নির্ধারিত ^২[ফরম] ও পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে এবং তাহার ব্যবসায় স্থলে মজুদ রাখিতে হইবেঃ—

- (ক) করযোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত পণ্য ও সেবা ক্রয়ের বিবরণী এবং তৎসংশ্লিষ্ট চালানপত্র;
- (খ) করযোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বা উক্ত পণ্য বা সেবা রপ্তানির বিবরণী এবং তৎসংশ্লিষ্ট চালানপত্র;
- (গ) চলতি হিসাব;
- (ঘ) মূল্য সংযোজন কর প্রদানের উদ্দেশ্যে চালানের মাধ্যমে ট্রেজারীতে বা এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক অনুমোদিত কোন ব্যাংকে জমাকৃত অর্থের হিসাব বিবরণী;
- (ঙ) উপকরণ ও প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের মজুদের বিবরণী এবং ^৩[(ঙঙ) “করযোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত পণ্য অথবা সেবা প্রদান সংক্রান্ত বাণিজ্যিক দলিলাদি;”]
- (চ) বিধি দ্বারা নির্ধারিত হইতে পারে এমন পুস্তক ও নথিপত্রঃ

^৪[তবে শর্ত থাকে যে, বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নিবন্ধিত কোন ব্যক্তি কোন পদ্ধতিতে এবং কি ধরনের পুস্তক ও নথিপত্র সংরক্ষণ করিবেন উহা নির্ধারণ করিতে পারিবে।]

^১। অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৬(১০)(ক) বলে ““নথিসমূহ” এবং “নথিপত্র” শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

^২। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(১) বলে “ফর্ম” শব্দটির পরিবর্তে যথাক্রমে “ফরম” শব্দ প্রতিস্থাপিত।

^৩। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৯৩ বলে দফা (ঙ) এর পর নতুন দফা (ঙঙ) সন্নিবেশিত।

^৪। অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭৯ বলে শর্তাংশের পরিবর্তে শর্তাংশ প্রতিস্থাপিত।